

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
www.dhakadiv.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২২- ২১৫

তারিখ : ০৯/১১/২০২৩

ফরম নং-২৭০
(১৯১৭ সালের বোর্ড ম্যানুয়ালের ১২৯ নং বিধি)

আদেশপত্র

তারিখ.....হইতে.....পর্যন্ত
জেলা.....২০.....সালেরপর্যন্ত

মামলার ধরণ : জনাব অরুপ রায়, পিতা-মৃত উৎপল রায়, মাতা-মৃত নন্দিতা রায়, আজকের পত্রিকার প্রতিবেদকের কার্যালয়, সাভার নামাবাজার (প্রাক্তন জনতা সিনেমা হল মার্কেট), উপজেলা-সাভার, জেলা-ঢাকা এর গত ০১/১১/২০২৩ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে **(আপীল মামলা নম্বর ৮৯/২০২৩)**।

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও অফিসারের স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
০৯/১১/২০২৩	<p>জনাব অরুপ রায়, পিতা-মৃত উৎপল রায়, মাতা-মৃত নন্দিতা রায়, আজকের পত্রিকার প্রতিবেদকের কার্যালয়, সাভার নামাবাজার (প্রাক্তন জনতা সিনেমা হল মার্কেট), উপজেলা-সাভার, জেলা-ঢাকা এর গত ০১/১১/২০২৩ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে ০৯/১১/২০২৩ তারিখ আপীল শুনানীর দিন ধার্য। আপীলকারী জনাব অরুপ রায় অনুপস্থিত এবং সরকার পক্ষে জেলা প্রশাসক, মানিকগঞ্জ এর প্রতিনিধি জনাব রিজ্তা খাতুন, সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উপস্থিত হয়ে হাজিরা দাখিল করেছেন।</p> <p>দেখলাম। আপীলকারীর কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, আপীলকারীর কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, জনাব অরুপ রায়, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নিম্নবর্ণিত তথ্য চেয়ে জেলা প্রশাসক, ঢাকা বরাবর গত ২৯-০৮-২০২৩ খ্রি: তারিখ আবেদন করেন।</p>	

পরবর্তিতে নিম্নবর্ণিত চাহিত তথ্যের প্রেক্ষিতে সংক্ষুদ্ধ হয়ে এ আপীল আবেদন করেন।

(ক) এল.এ কেস নম্বর ০৬/২০১৪-২০১৫ এর মাধ্যমে মানিকগঞ্জ সদর উপজেলায় জয়রা এলাকায় ট্রমা সেন্টার ও ২৫০ শয্যা হাসপাতালসহ মানিকগঞ্জ মেডিকেল কলেজ (কর্ণেল মালেক মেডিকেল কলেজ ও হাসপাতাল) নির্মাণ প্রকল্পের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অনুকূলে অধিগ্রহণ করা জমির মৌজা, খতিয়ান ও দাগ নম্বরসহ কোন খতিয়ান ও দাগে কত শতাংশ জমি অধিগ্রহণ করা হয়েছে তার পরিমান এবং শতাংশ প্রতি জমির মূল্য পরিশোধ করা হয়েছে দাগ নম্বর ভিত্তিক শতাংশ প্রতি জমির সেই মূল্য জানতে চাই।

সরকার পক্ষে জেলা প্রশাসকের প্রতিনিধির বক্তব্য:

শুনানীতে অংশ নিয়ে সরকার পক্ষে জেলা প্রশাসক, মানিকগঞ্জ এর প্রতিনিধি জনাব রিজ্বা খাতুন, সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) লিখিত ও মৌখিক বক্তব্যে জানান যে-


দাগনম্বর ভিত্তিক শতাংশ প্রতি জমির পরিশোধকৃত মূল্য ব্যক্তি পর্যায়ে সরবরাহকৃত হওয়ায় এ সংক্রান্ত প্রদেয় তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ (জ) ধারায় বারিত হচ্ছে বিধায় সেটি প্রদান করা সম্ভব হয় নি।

আপীলকারীর বক্তব্য:

আপীলকারী অনুপস্থিত।

পর্যালোচনা: সরকার পক্ষে জেলা প্রশাসক, মানিকগঞ্জ এর প্রতিনিধি বক্তব্য শুনলাম এবং আপীলকারী অনুপস্থিত। লিখিত বক্তব্য ও দাখিলকৃত প্রমাণক পর্যালোচনা করলাম। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২৪ ধারার (৩)(ক) উপ-ধারা অনুসারে আপীল কর্তৃপক্ষ আপীল আবেদনকারীকে অনুরোধকৃত তথ্য সরবরাহের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিবেন, অথবা (৩)(খ) উপ-ধারা অনুসারে তদবিবেচনায় গ্রহণযোগ্য না হইলে আপীল আবেদনটি খারিজ করিয়া দিবেন।

অতএব আদেশ হয় যে
<p>শুনানীঅন্তে আদেশ হয় আপীলকারী জনাব অরুণ রায় এর দাখিলকৃত আবেদন এবং সরকার পক্ষে জেলা প্রশাসক, মানিকগঞ্জ এর প্রতিনিধি জনাব রিজ্জা খাতুন, সহকারী কমিশনার ও তথ্য প্রদানকারী কর্মকর্তার লিখিত বক্তব্যের পরিপ্রেক্ষিতে আপীল আবেদনটি গ্রহণ করা হলো এবং আপীলকারীর চাহিত তথ্যসমূহ সরবরাহ করার নির্দেশ প্রদানপূর্বক আপীল আবেদনটি নিষ্পত্তি করা হলো। দাখিলকৃত কাগজপত্র নথিতে সংযুক্ত করা হোক ও সংশ্লিষ্ট সকলকে আদেশের কপি সরবরাহ করা হোক।</p>



০৯. ১১. ২০
(এ জেড এম নূরুল হক)

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)
ঢাকা বিভাগ, ঢাকা।

স্মারক নং-০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২৩- ২২৫ (৮)

তারিখ : ০৯/১১/২০২৩

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ৫। কমিশনারের একান্ত সচিব, ঢাকা বিভাগ, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
- ৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা (এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। জনাব অরুণ রায়, পিতা-মৃত উৎপল রায়, মাতা-মৃত নন্দিতা রায়, আজকের পত্রিকার প্রতিবেদকের কার্যালয়, সাভার নামাবাজার (প্রাক্তন জনতা সিনেমা হল মার্কেট), উপজেলা-সাভার, জেলা-ঢাকা


০২.১১.২৬
নারায়ণ চন্দ্র বর্মণ

সিনিয়র সহকারী কমিশনার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিভাগ, ঢাকা।